

## অভিযোগ : বিবাহের প্রস্তাব দিয়া উত্ত্যক্ত করা অবশেষে থানায় মামলা করিলেন নায়িকা ববিতা

ইন্ডেফাক রিপোর্ট ॥ বিবাহের প্রস্তাব দিয়া উত্ত্যক্ত করার অভিযোগ আনিয়া আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন চিত্র নায়িকা ববিতা সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের সাবেক পরিচালক জহিরুল আলমের বিরুদ্ধে গতকাল রবিবার গুলশান থানায় এজাহার দায়ের করিয়াছেন। ববিতা স্বরাষ্ট্রমন্ত্রীর নিকট তাহার নিজের এবং কিশোর পুত্র অনীকের জীবনের নিরাপত্তা চাহিয়াছেন। ববিতা বলিয়াছেন, অনেক পত্রিকায় বিষয়টিকে হাস্যরস হিসাবে উপস্থাপন করা হইয়াছে। তবে বাস্তবতা ভিন্ন। ইহা এক ধরনের সন্ত্রাস। সাঈদ মোহাম্মদ জহিরুল আলম নামে এক ব্যক্তি মাস্তানদের সঙ্গে নিয়া আমাকে বিরক্ত করে এবং বাসায়ে ফোন করিয়া উৎপাত করে। তাহার উৎপাতে আমার অনীক মানসিকভাবে বিপর্যস্ত হইয়া পড়িয়াছে। ববিতা গুলশান থানায় প্রদত্ত এজাহারে উল্লেখ করেন যে, গত প্রায় দুই বছর ধরিয়া জহিরুল আমাকে উত্ত্যক্ত করিয়া আসিতেছে এবং বিবাহের প্রস্তাব দিতেছে। কিন্তু প্রত্যাখ্যাত হওয়ার পর নানাভাবে সে আমাকে হয়রানি করিতেছে। তাহার সহিত আমার বিবাহ হইতেছে বলিয়াও পত্রিকায় মিথ্যা খবর সরবরাহ করিয়াছে। পুরা ব্যাপারটায় আমি এখন রীতিমত বিপর্যস্ত ও আতংকিত। সরকারের নিকট ইহার প্রতিবিধান চাই।

জানা যায় সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের পদত্যাগী কর্মকর্তা জহিরুল আলমের বাড়ী শরিয়তপুরের গোসাইরহাট। ঢাকায় তাহার একাধিক বাড়ী রহিয়াছে। ব্যক্তিগত জীবনে তিনি বিবাহিত ও ৩ কন্যা সন্তানের জনক। জহিরুল সাংবাদিকদের বলিয়াছেন, ৪ বছর পূর্বে ববিতার পরিবার হইতে আমাকে বিবাহের প্রস্তাব দেওয়া হইলে আমি রাজি হই। তাহার পর অন্তত ২০ বার গুলশান পার্কে আমার সঙ্গে তাহার সাক্ষাৎ হইয়াছে। ববিতা আমাকে গত এপ্রিলে কলিকাতা বেড়াইতে যাইতে বলিয়াছিল। লোক মারফত ১০ লক্ষ টাকাও চাহিয়াছিল। ববিতা আমার মানমর্যাদা ক্ষুণ্ণ করিয়াছে। এখন তাহাকে বিবাহ করিব কিনা তাহা ভাবিয়া দেখিতে হইবে।

এদিকে, জানা গিয়াছে, ববিতাকে এ পর্যন্ত অসংখ্য প্রণয় উন্মত্তের খবর বিভিন্ন সময়ে পত্রিকায় প্রকাশিত হইয়াছে। এই বিবাহ পাগলদের মধ্যে একজন মন্ত্রীর নামও উচ্চারিত হয়।